

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ জানুয়ারি ২০২২ খ্রি.

**বৃটিশ সাহায্য সংস্থা প্রতিনিধিদলের সাথে সাক্ষাতে মেয়র  
হতদরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নত হলে  
উন্নয়নের সঠিক চিত্র দৃশ্যমান হবে**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে আন্না ব্যালেন্সর নেতৃত্বে বৃটিশ সাহায্য সংস্থা এফসিডিও'র প্রতিনিধি দল আজ সোমবার দুপুরে টাইগারপাসস্থ অস্থায়ী নগর ভবনে তাঁর দপ্তরে সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে মেয়র স্বাগত জানিয়ে বলেন, হতদরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন করা গেলে দেশের উন্নয়নের সঠিক চিত্র দৃশ্যমান হবে। বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের কারণে আমাদের দেশে নদী ভাঙ্গন ও প্রাকৃতিক দুর্যোগে অনেকেই সহায় সম্বল হারিয়ে পথে থাকার অবস্থার সম্মুখীন হন। তিনি গৃহহীনদের আবাসন সংস্থানের পাশাপাশি নগরীর বিজয় নগর কমিউনিটির ন্যায় আরো বস্তি উন্নয়ন প্রকল্প গ্রহণ করার প্রস্তাব দেন। কারণ বর্তমানে বস্তিগুলোর চিত্র খুবই করুণ। এই পরিস্থিতিতে বস্তিগুলোতে সুয়ারেজ ব্যবস্থাপনা, সুপেয় পানি সরবরাহ ও পরিচ্ছন্নতা প্রকল্পে আন্তর্জাতিক বিনিয়োগকে স্বাগত জানাবো। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার বিভাগের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পটি চসিক এলাকায় বাস্তবায়নায়িত্ব রয়েছে। এই প্রকল্পগুলোর আওতায় বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচীর কার্যক্রমসহ জলবায়ু নিয়ন্ত্রণে নানা ধরণের উদ্ভাবনী অবকাঠামো নির্মাণ করা হচ্ছে। তিনি এলআইইউপিসি'র সকল কাজে চসিকের সহায়তা পাবে বলে অভিমত ব্যক্ত করেন।

প্রতিনিধিদলের নেতা আন্না ব্যালেন্স নগরীর বিজয় নগর কমিউনিটি পরিদর্শনের কথা অবহিত করে এলআইইউপিসি'র প্রকল্প বিজয় নগরের পরিবর্তন দেখে তারা খুবই সন্তুষ্ট। তিনি বলেন, তাদের সংস্থা বাংলাদেশের দারিদ্র বিমোচন ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে যে বরাদ্দ বিনিয়োগ করে তার মধ্যে বড় অংশ চট্টগ্রামে জন্য করা হয়। নগরীতে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে এলআইইউপিসি যে প্রকল্পগুলো গ্রহণ করেছে তাতে চসিক যথেষ্ট সহযোগিতা ও উৎসাহ যুগিয়েছে। এজন্য তিনি মেয়রকে ধন্যবাদ জানান।

এসময় ঢাকাস্থ বৃটিশ হাইকমিশনার সোস্যাল ডেভেলপমেন্ট এডভাইজার আনোয়ারুল হক, লাভলী লুডস এডভাইজার ফিরোজ আহমেদ, প্রোগ্রাম ম্যানেজার ফারজানা মোস্তফা, আন্তর্জাতিক প্রকল্প ব্যবস্থাপক ইউগেস প্রাভানাগ, চসিক সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জেসমিন পারভীন জেসি, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, এলআইইউপিসি'র টাউন ম্যানেজার সারওয়ার হোসেন খান ও চসিক বস্তি উন্নয়ন কর্মকর্তা মঈনুল হোসেন আলী জয় উপস্থিত ছিলেন।

**চসিক ড্রামমাণ আদালত পরিচালিত  
নিষিদ্ধ পলিথিন ব্যবহার ও নোংরা পরিবেশ সৃষ্টি করায়  
১৩দোকানদারকে ১৪হাজার টাকা জরিমানা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে চান্দগাঁও থানাধীন বহুদারহাট কাঁচাবাজারে বিধিনিষেধ আরোপ করা সত্ত্বেও দোকানে পলিথিন ব্যাগে পণ্য বিক্রি করা, দোকানের সামনে ময়লা আবর্জনা ফেলে নোংরা পরিবেশ সৃষ্টি ও মাংস বিহীন দিবসে মাংস বিক্রি করার অপরাধে ১৩ দোকানদারের বিরুদ্ধে মামলার রুজু পূর্বক ১৪হাজার ২শত টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করে।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩